



কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩

গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা।

www.pbs3.comilla.gov.bd
ই-মেইলঃ comillapbs3@gmail.com

স্মারক নং-২৭.১২.১৯৩৬.৫৭২.০২.০০৮.২৩-৮৩৮১

১৩ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ
তারিখঃ -----

২৭ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

আইন উপদেষ্টা (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর মামলা-মোকদ্দমা পরিচালনা ও আইনগত মতামত প্রদানের নিমিত্ত ০১ জন আইন উপদেষ্টা নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন বিজ্ঞ আইনজীবীদের নিকট হতে সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

০১) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২) যারা আইন ব্যবসায় জেলা/উপজেলা কোর্ট/সহকারী জজ কোর্ট অন্তর্গত পক্ষে ০৮ (আট) বছর যাবৎ নিয়োজিত আছেন এবং অবসরপ্রাপ্ত জুডিশিয়াল বিচারক, যারা আইন ব্যবসায় কুমিল্লা জেলা অথবা দাউদকান্দি উপজেলা পর্যায়ে নিয়োজিত আছেন কেবলমাত্র তারাই আবেদন করতে পারবেন।

০৩) আইন উপদেষ্টা পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। নিয়োগ প্রাপ্তির চুক্তিকালীন সময়ে উভয় পক্ষ ৩০ (ত্রিশ) দিনের অগ্রীম নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।

০৪) নিয়োগ পরবর্তী চুক্তিকালীন সময়ে পবিস নির্দেশিকা ৩০০-৫০ অনুযায়ী মাসিক রিটেইনার ফি সহ নিম্ন আদালত, হাইকোর্ট, সুপ্রিম কোর্টে মামলা পরিচালনার জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত নির্ধারিত হারে ফি প্রদান করা হবে।

০৫) অন্য কোম পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৬) উক্ত পদে নিয়োগপ্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগনকে সাদা কাগজে নিম্নোক্ত তথ্য উল্লেখ পূর্বক আবেদন করতে হবেঃ

(ক) নিজের নাম, পিতা ও মাতার নাম।

(খ) বর্তমান ও স্থায়ী ঠিকানা।

(গ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও নাগরিকত্বের সনদপত্র।

(ঘ) আইন পাসের সনদপত্র (সত্যায়িত অনুলিপি)।

(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (সত্যায়িত অনুলিপি)।

(চ) আইনজীবী হিসাবে প্রথম এনরোলমেন্টের তারিখ (এনরোলমেন্টের সনদপত্র সত্যায়িত অনুলিপি)।

(ছ) আইনি অনুশীলনের সময়কাল (জেলা জজ কোর্ট)।

(জ) আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতার বিবরণী।

(ঝ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত এবং অন্যান্য প্রতিষ্ঠানে আইন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে তার বিবরণীসহ (সকল সনদপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

০৭) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে জটিলতা দেখা দিলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮) আবেদনপত্র আগামী ১৩/০৭/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর পৌছাতে হবে।

(মুহাম্মদ হোসেন হোসাইন)
জেনারেল ম্যানেজার

অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহল প্রচারের অনুরোধসহ)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।

০২। জেলা ও দায়রা জজ, কুমিল্লা।

০৩। জেলা প্রশাসক, কুমিল্লা/ মুন্সীগঞ্জ/ ব্রাহ্মনবাড়িয়া।

০৪। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪।

০৬। উপজেলা নির্বাহী অফিসার কুমিল্লা/ মুন্সীগঞ্জ/ ব্রাহ্মনবাড়িয়া।

০৭। সভাপতি, জেলা আইনজীবী সমিতি/প্রেস ক্লাব/বার কাউন্সিল, কুমিল্লা।

০৮। ডিজিএম, দাউদকান্দি/হোমনা/গজারিয়া/বাঞ্ছারামপুর/কারিগরী, কুমিল্লা পবিস-৩।

০৯। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/প্রশাসন), কুমিল্লা পবিস-৩।

১০। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-৩।

১১। অফিস কপি/মাস্টার কপি।

(মুহাম্মদ হোসেন হোসাইন)
জেনারেল ম্যানেজার